



জুরানপুর আদর্শ ডিগ্রী কলেজ

ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে মনিরুজ্জামানের নিয়োগ অবৈধ ঘোষণা

সুপ্রীম কোর্ট রিপোর্টার ১১ গত বুধবার সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ জুরানপুর আদর্শ ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে মোহাম্মদ মনিরুজ্জামানের নিয়োগ অবৈধ ও আইনগত কর্তৃত্ব বহির্ভূত বলে ঘোষণা করেছেন। কুমিল্লার জেলা প্রশাসক মোহাম্মদ মনিরুজ্জামানকে জুরানপুর আদর্শ ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে নিয়োগ করেন। কলেজের প্রতিষ্ঠাতা মেজর জেনারেল (অবঃ) সুবিদ আলী ভূইয়া উক্ত নিয়োগ আদেশের বৈধতা চ্যালেঞ্জ করে একটি রীপ পিটিশন পেশ করেন। বিচারপতি মোহাম্মদ হামিদুল হক ও বিচারপতি নাজমুন আরা সুলতানকে নিয়ে গঠিত ডিভিশন বেঞ্চ শুনানি শেষে জুরানপুর আদর্শ ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে মোহাম্মদ মনিরুজ্জামানের নিয়োগ অবৈধ ও আইনগত কর্তৃত্ববহির্ভূত বলে রায় দান করেন।

আবেদনকারীর পক্ষে ছিলেন আবদুল মতিন খসরু। তাকে সহযোগিতা করেন পঙ্কজ কুমার কুন্ডু। বিবাদী পক্ষে ছিলেন খোন্দকার মাহবুবউদ্দিন আহমদ।